

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, ৩০/১১/২০১৬


নাগরিক সেবায় উদ্ভাবনী চিন্তার প্রয়োগ ঘটাতে হবে।

”নাগরিক সেবায় উদ্ভাবন অর্থ নতুন পদ্ধতিতে জনগনকে আধুনিক ও মানসম্পন্ন সেবা প্রদান। জনগনের চাহিদাকে প্রাধান্য দিয়ে নাগরিক সেবায় উদ্ভাবন নিশ্চিত করতে পারলে সুলভে, দ্রুত ও কম জটিলতায় নাগরিক সেবা প্রদান সম্ভব।” আজ (৩০/১১/২০১৬) বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমী, শাহবাগে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক একথা বলেন।

প্রতিমন্ত্রী আরো বলেন, আইনের সীমার মধ্যে থেকেও সেবা প্রদানে নতুনত্ব আনা যায়, আর এজন্য প্রয়োজন কাজের উপযুক্ত পরিবেশ, দক্ষ নেতৃত্ব ও কার্যকর যোগাযোগ। তিনি সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীকে নাগরিক সেবায় উদ্ভাবনী চিন্তার প্রয়োগ ঘটিয়ে সেবার মান ও পরিধি বৃদ্ধি করতে আহ্বান জানান।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের এ. টু. আই প্রকল্পের আওতায় অনুষ্ঠিত এই সেমিনারে সভাপতিত্ব করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী ও বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বি.সি.এস প্রশাসন একাডেমীর রেঞ্জার ড. আসলাম আলম।

দুই দিনব্যাপী অনুষ্ঠেয় সেমিনারে প্রশাসন ক্যাডারের চল্লিশ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।



৩০-১১-২০১৬

মুহা. শিপলু জামান
সিনিয়র তথ্য কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
০১৫৫০-৫৫২২০২